কালের কণ্ঠ

তারিখ ..05 NOV 2015...
পৃষ্ঠা ...১... কলাম ...৪.....

দলীয় কর্মীদের চাকরি না দেওয়ায় লিটনের প্রতিক্রিয়া

# আ. লীগ করেন বলেই ভিসি প্রোভিসি হয়েছেন

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

রাজশাহী মহানগর আওয়ামী লীগের সভাপতি এ এইচ এম খায়রুজ্জামান লিটন বলেছেন, 'আপনি আপনার যোগ্যতায় ভিসি হননি, প্রোভিসি হননি, আপনি আওয়ামী লীগ করেন বলেই ভিসি-প্রোভিসি হয়েছেন। এই কথাটি ভুলে যাবেন না। যাদের পিঠে পা দিয়ে সিঁড়ি বানিয়ে আজকে ভিসি-প্রোভিসি হয়েছেন, দয়া করে আল্লাহর অস্তে সেটার প্রতিদান দেন। তা না

▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

## আ. লীগ করেন বলেই ভিসি

▶▶ প্রথম পৃষ্ঠার পর

হলে যখন সব কিছু হারিয়ে যাবে, রাস্তা দিয়ে চলাও কিন্তু খুব কঠিন হয়ে যাবে।'

গতকাল বুধবার দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে জেলহত্যা দিবস উপলক্ষে ছাত্রলীগ আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দলীয় নেতাকর্মীদের চাকরি দেওয়ার প্রসঙ্গ টেনে খায়রুজ্জামান লিটন বলেন, 'ছাত্রলীগের নেতাকর্মী সজাগ আছে, পার্শ্ববর্তী ওয়ার্ড আওয়ামী লীগ, যুবলীগ সজাগ আছে বলেই খুনির দল (বিএনপি-জামায়াত) কিছু করতে পারছে না।' তিনি বলেন, "প্রশাসনে আছেন খুব আরামে। প্রশাসন বলতে যে দুজনকে বোঝায়, তাঁরা আমাদেরই খুব কাছের মানুষ। আমার তো ভীষণ কাছের মানুষ। কিন্তু কাছের মানুষ থেকে লাভ কী? কাছের মানুষ যদি নেতাকর্মীদের মূল্যায়ন না করেন, সেই কাছের মানুষ থেকে কোনো লাভ নেই। আমার বন্ধুর মতো একজন কথা দিয়েছিলেন, 'আমি একবার শুধু হই, লিটন ভাই, আমি আপনার লিস্ট ধরে ধরে চাকরি দেব।' কিন্তু আমরা লিস্ট দিয়েছিলাম প্রায় বছর দেড়-দুই আগে। সেই লিস্ট কোথায় গেল, আমি জানি না। তাঁদের বাড়িতে ডিম পারছে কি না, ডিমে তা দিচ্ছে কি না, জানি না।"

খায়রুজ্জামান লিটন বলেন, 'এত শান্তিপূর্ণভাবে ক্যাম্পাস চালাচ্ছেন, মনে করছেন আপনাদের দক্ষতা? না। আমরা যদি মহানগর আওয়ামী লীগ ইশারা দিই, আপনাদের গদি উল্টাতে ২৪ ঘণ্টার বেশি সময় লাগবে না।'

জাতীয় চার নেতার অন্যতম শহীদ এ এইচ এম কামরুজ্জামানের ছেলে লিটন বলেন, 'আমার কথাগুলো বলতে খারাপ লাগছে। কারণ এই প্রশাসন আমারই প্রশাসন, আমাদেরই প্রশাসন, বঙ্গবন্ধুর আদর্শের দীক্ষিত প্রশাসন—তাঁদের সেভাবেই কাজ করা উচিত ছিল, চলা উচিত ছিল। বিএনপির চারদলীয় জোট যদি একবারেই ৫৪৪ জনকে নিয়োগ দিতে পারে, কোনো কিছুর চিল্লা-তোয়াক্কা না করে, আপনারা কি ১৪৪-ও দিতে পারেন না? এতই আপনারা স্বচ্ছ হয়ে গেলেন? এত ট্রান্সপারেন্ট হয়ে গেলেন?'

বিশ্ববিদ্যালয়ে বর্তমানে প্রায় পাঁচ শতাধিক পদ শূন্য আছে দাবি করে লিটন আরো বলেন, 'এই পদগুলোতে স্বাধীনতার পক্ষের দেড়-দুই শ থেকে আড়াই শ ছেলেদের চাকরি কি দেওয়া যায় না? এই বিশ্ববিদ্যালয়ে তৃতীয়, চতুর্থ শ্রেণির কর্মচারী পদে রাজাকার বা আলবদর বা বিএনপির আদর্শে দীক্ষিতদের সংখ্যা অনেক ভারী, আমরা কি সেই সংখ্যা আরো ভারী করব, না আমাদের নেতাকর্মীদের নিয়ে এসে সেই সংখ্যাকে নামিয়ে দিয়ে আমরা সংখ্যাগরিষ্ঠ হব, কোনটা?'

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক খালিদ হাসান বিপ্লবের সঞ্চালনায় আলোচনা সভায় অন্যদের মধ্যে আরো বক্তব্য দেন মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ডাবলু সরকার, বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মিজানুর রহমান রানা প্রমুখ। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহানগর আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক তবিবুর রহমান শেখ, সাবেক সহসভাপতি মীর ইকবাল, মহানগর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক জেড সরকার, যুগ্ম সম্পাদক গোলাম কিবরিয়া, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ রুনু প্রমুখ।

**লতিফ হল ছাত্রলীগের উদ্যোগে রক্তদান কর্মসূচি :** এদিকে জাতীয় জেলহত্যা দিবস উপলক্ষে দিনব্যাপী রক্তদান কর্মসূচি পালন করেছে নবাব আব্দুল লতিফ হল শাখা ছাত্রলীগ। গতকাল সকাল ১১টা থেকে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দলীয় টেন্টের পাশে এ কর্মসূচির আয়োজন করা হয়। রাজশাহী মেডিক্যাল কলেজ শাখা সন্তানীর সহযোগিতায় কর্মসূচিতে প্রায় ৩০ ব্যাগ রক্ত সংগ্রহ করা হয়। হল শাখা ছাত্রলীগের নেতাকর্মীদের পাশাপাশি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতাকর্মী ও সাধারণ শিক্ষার্থীরা রক্তদানে অংশ নেয়।